

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯২৭

আগরতলা, ২২ ফেব্রুয়ারি, ২০২৪

ফটিকরায় ৪ দিনব্যাপী মিলন মেলার উদ্বোধন

ত্রিপুরার সাংস্কৃতিক ঐতিহ্য সারা দেশেই সমাদৃত : রাজ্যপাল

ত্রিপুরার সাংস্কৃতিক ঐতিহ্য সারা দেশেই সমাদৃত। বর্তমান প্রজন্মকে এই ঐতিহ্য ধরে রাখতে হবে। আজ বিকালে ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে ৪ দিনব্যাপী ফটিকরায় মিলন মেলা-২০২৪ এর উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু একথা বলেন। তিনি বলেন, বর্তমান প্রজন্মকে রাজ্যের ঐতিহ্যময় সংস্কৃতির বিকাশেও এগিয়ে আসতে হবে। শুধু সাংস্কৃতিক দিকে নয় সম্প্রীতি রক্ষা থেকে শুরু করে অনেক ক্ষেত্রেই ত্রিপুরা দেশকে পথ দেখাতে পারে। এবিষয়েও তরুণ প্রজন্মকে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে। রাজ্যপাল বলেন, স্বসহায়ক দলগুলির সামগ্রী বিক্রয়ের ক্ষেত্রে এধরনের মেলার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেন, স্থানীয় শিল্পীদের প্রতিভা তুলে ধরতেই এই মিলন মেলার আয়োজন করা হয়েছে। স্থানীয় সংস্কৃতির বিকাশে এই মেলা গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে তিনি আশা প্রকাশ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, উনকোটি জেলার জেলাশাসক রাজীব দত্ত, পুলিশ সুপার কান্তা জাহাঙ্গির প্রমুখ। অনুষ্ঠানে রাজ্যপাল মিলন মেলা উপলক্ষে প্রকাশিত ‘মিলন আনন্দ’ স্মরণিকার আবরণ উন্মোচন করেন। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নুর হাতে মিলন মেলা কমিটির পক্ষ থেকে স্মারক উপহার তুলে দেওয়া হয়। উদ্বোধনী অনুষ্ঠানের পর রাজ্যপাল কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের স্টল উদ্বোধন করেন। তাছাড়াও রাজ্যপাল মেলা প্রাঙ্গণে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল পরিদর্শন করেন।
